ইরানের সামরিক সক্ষমতা ধ্বংসের দাবি যুক্তরাষ্ট্রের



ছবি: সংগৃহীত

ইরান ইস্যুতে নিজেদের অবস্থান বদলায়নি যুক্তরাষ্ট্র। তেহরানে মক্কা প্যাক্টভুক্ত দেশগুলোর বৈঠক নিয়েও এখন পর্যন্ত কোনো সরাসরি প্রতিক্রিয়া জানায়নি ওয়াশিংটন। আল-জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

মার্কিন কর্মকর্তারা জানিয়েছেন, ইরান নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিচ্ছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের স্বার্থ বিবেচনা করেই তিনি পরবর্তী পদক্ষেপ নির্ধারণ করবেন।

ওয়াশিংটনের দাবি, নিষেধাজ্ঞা ও নৌ অবরোধের কারণে ইরানের অর্থনীতি গুরুতর চাপে পড়েছে। এসব পদক্ষেপ কার্যকর হচ্ছে বলেও মনে করছে মার্কিন প্রশাসন।

এ ছাড়া ‘অপারেশন এপিক ফিউরি’র মাধ্যমে ইরানের সামরিক সক্ষমতা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে দাবি করেছে যুক্তরাষ্ট্র। দেশটির কর্মকর্তাদের ভাষ্য, ইরানের সেনাবাহিনী কার্যত অকার্যকর হয়ে পড়েছে এবং নৌবাহিনী ধ্বংস হয়েছে। একই সঙ্গে দেশটির বিমানবাহিনী ও আকাশ প্রতিরক্ষাব্যবস্থার কার্যক্ষমতাও নষ্ট হয়েছে বলে দাবি ওয়াশিংটনের।